ভারতে ভিসার মেয়াদ বাড়িয়ে এক বছর করা হল তসলিমা নাসরিনের

বাংলাদেশের নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিনকে ভারতে থাকার জন্য আরও এক বছরের অনুমিত দিয়েছে দেশটির সরকার। রবিবার কর্তৃপক্ষের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে এনডিটিভি।

খবরে আরও বলা হয়, গত সপ্তাহে ভারতে থাকার জন্য তিন মাসের অনুমতি দিয়েছিল দেশটির সরকার। কিন্তু টুইটারে তিনি দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে তা বাড়িয়ে এক বছর করার অনুরোধ করেছিলেন। অবশেষে তার সেই অনুরোধ রাখলেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী।
বাংলাদেশি বংশোদ্ভূত সুইডেনের নাগরিক তসলিমা নাসরিন ২০০৪ সাল থেকেই তার রেসিডেন্স পারমিটের মেয়াদ বাড়িয়ে ভারতে অবস্থান করছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, তার রেসিডেন্স পারমিটের মেয়াদ ২০২০ সালের জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে।

এদিকে, মেয়াদ বাড়ানোর পর ৫৬ বছর বয়সী এ বাংলাদেশি লেখিকা ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়েছেন।